

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
বিরল, দিনাজপুর।

উপজেলা পরিষদ, মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটির জানুয়ারী/২০২৩ মাসের সভার কার্যবিবরণীঃ  
সভাপতিঃ জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,  
উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।  
স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ।  
তারিখ : ১০/০১/২০২৩খ্রিঃ  
সময় : ২.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকাঃ


- ০১। জনাব ফিরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০২। চেয়ারম্যান, ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৩। চেয়ারম্যান, ০৯নং মঙ্গলপুর ইউ, পি বিরল দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৪। চেয়ারম্যান, ১০নং রানীপুকুর ইউ, পি বিরল, দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৫। মহিলা ওয়ার্ড সদস্য, ০৩নং ওয়ার্ড ০৮নং ধর্মপুর ইউ, পি বিরল দিনাজপুর।..... স্বাক্ষরিত
- ০৬। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সদস্য সচিব) বিরল, দিনাজপুর।..... স্বাক্ষরিত

আলোচ্য বিষয়ঃ

- ০১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
- ০২। ইউনিয়ন পর্যায়ে ২০২৩-২০২৪ চক্রের ভিডলিউবি (ভিজিডি) উপকারভোগীদের মাঝে খাদ্যশস্য বিষয়ে আলোচনা।
- ০৩। নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে আলোচনা।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় আজকের সভার মূল আলোচ্য বিষয় জানতে চাইলে কমিটির সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বিরল উপজেলায় ১২টি ইউনিয়নে ২০২৩-২০২৪ ভিডলিউবি (ভিজিডি) উপকারভোগী নির্বাচনের কাজ শেষ হয়েছে। এবং জানুয়ারী/২০২৩ মাস হতে এই চক্রের উপকারভোগীদের মাঝে পুষ্টি চাল বরাদ্দ সাপেক্ষে খাদ্য শস্য বিতরণ করা হবে। এবং পরবর্তীতে এনজিও চুক্তিবদ্ধ হলে উপকারভোগীদের মাঝে জীবনদক্ষতামূলক ও বিভিন্ন সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হবে। সদস্য সচিব আরও বলেন যে, প্রতিমাসে পর্যায়ক্রমে ১২টি ইউনিয়নে নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধ বিষয়ে উঠান বৈঠক করা হচ্ছে। সদস্য সচিব আরও জানান যে, বিরল উপজেলায় আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ফ্যাশান ডিজাইন ও ক্রিস্টাল শো-পিচ ডেকোরেটেড কেব্লে মেকিং (মোমবাতি) ০২(দুই)টি ট্রেডে ১৮ তম ব্যাচ প্রশিক্ষণ কার্যক্রম চলছে। এটি ৩১শে মার্চ/২০২৩ মাসে শেষ হবে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

  
(ফিরোজা বেগম)  
সভাপতি

উপজেলা পরিষদ মহিলা বিষয়ক অধিদপ্তরের স্থায়ী কমিটি  
ও  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।